

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে সভাপতির দায়িত্ব নেবেন ডিসি-ইউএনও



ফাইল ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ১৭ নভেম্বর ২০২৫ | ০২:০৮

(-) (অ) (+)

যেসব বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের অঙ্গায়ী (অ্যাডহক) পরিচালনা কমিটির মেয়াদ শেষ হয়েছে, তার মধ্যে উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসক (ডিসি) বা তাঁর প্রতিনিধিরা সভাপতির দায়িত্ব পালন করবেন। এ বিষয়ে গত শনিবার নির্দেশনা জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

নির্দেশনা পত্রে জানানো হয়, হাইকোর্টের রিট মামলায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ গত ৮ সেপ্টেম্বর জারি করা 'মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকাসহ অন্যান্য বোর্ডের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা অনুযায়ী অ্যাডহক কমিটি ও নিয়মিত কমিটি গঠন-সংক্রান্ত

পরিপত্রটি তিন মাসের জন্য স্থগিত করা হয়েছে। বিদ্যমান পরিস্থিতিতে অন্তর্বর্তী ব্যবস্থা হিসেবে যেসব বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের অ্যাডহক কমিটির মেয়াদোন্তীর্ণ হয়েছে, সেসব প্রতিষ্ঠানে প্রবিধানমালার অনুচ্ছেদ ৬৯ অনুযায়ী সভাপতির দায়িত্ব পালন করবেন উপজেলা পর্যায়ে ইউএনও এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসক বা তাঁর প্রতিনিধি। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে।